


# শেয়ার করা কাজের প্রোগ্রাম

## ব্যবসার একটি টুল

## শেয়ার করা কাজ আমার ব্যবসাকে কীভাবে সহায়তা করবে?

শেয়ার করা কাজের প্রোগ্রামের সাহায্যে আপনি অস্থায়ী অর্থনৈতিক সংকটের সময় উপযোগী কর্মীদের বহাল রাখতে পারবেন, যা আজকের অর্থনীতির প্রেক্ষিতে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এই টুলকে মরশুম অনুসারে, পুনরায় আপনার ব্যবসা বাড়ানোর কৌশলের অংশ হিসেবেও ব্যবহার করতে পারেন। শেয়ার করা কাজের মাধ্যমে, আপনি কাজের সময়সূচী কমিয়ে মূল্যবান কর্মীদের বহাল রাখতে পারেন এবং ছাঁটাইয়ের পরিস্থিতিও এড়াতে পারেন। হ্রাসকৃত সময়সূচীতে থাকাকালীন, কর্মীরা আপনার ব্যবসা থেকে হ্রাসকৃত বেতন এবং বেকারত্ব সুবিধার হারের একটি শতাংশ পান।

> *উদাহরণস্বরূপ: ধরুন প্ল্যান্ট XYZ স্টেট লেবার ডিপার্টমেন্টে একটি শেয়ার করা কাজের প্ল্যান ফাইল করল এবং 10 সপ্তাহের জন্য নিজেদের সেলাই বিভাগের সময় 20% হ্রাস করার অনুমোদন পেল। এই কর্মীরা বেকারত্ব বীমা ফাইল করতে পারবেন। তারা নিজেদের সাপ্তাহিক সুবিধার 20% সংগ্রহ করতে পারেন।*
>
> *প্রতি সপ্তাহে $400 উপার্জনকারী কোনো কর্মী যদি সম্পূর্ণ বেকার হয়ে যান, তাহলে তিনি বেকারত্ব বীমার সুবিধা হিসেবে $200 পেতে পারেন। শেয়ার করা কাজের প্রোগ্রামে, এই কর্মী নিজের নিয়োগকর্তার কাছ থেকে প্রতি সপ্তাহে $320 মজুরি হিসেবে পাবেন ($400-এর 20% হ্রাস হলে $80 বাদ যায়) এবং তার সাথে শেয়ার করা কাজের সুবিধা হিসেবে $40 ($200 বেকারত্ব বীমা সুবিধার 20%) পাবেন। বেতনহীন এক সপ্তাহ অপেক্ষার সময়কাল শেষ হওয়ার পরে, প্ল্যানের প্রতিটি সপ্তাহের প্রাপ্য মজুরি এবং শেয়ার করা কাজের সুবিধার মোট পরিমাণ হবে $360।*

আপনার কর্মীদের বহাল রাখার মানে হল, ব্যবসার পরিস্থিতির উন্নতি হলে আপনি দ্রুত তাদেরকে নিয়ে ব্যবসার জন্য প্রস্তুত থাকতে পারবেন। এতে আপনি নতুন কর্মী নিয়োগ, ভাড়া করা এবং তাদের প্রশিক্ষণ দেওয়ার খরচও সাশ্রয় করতে পারবেন। এছাড়া, আপনি নিজের কর্মীদের সম্পূর্ণ বেকারত্বের কষ্ট থেকেও বাঁচাতে পারবেন। শেয়ার করা কাজের ব্যবস্থা কর্মী বার্তা দেয় যে, আপনি তাদের দলগত সদস্য হিসেবে মূল্য দেন। আপনি ছাঁটাইয়ের পরিস্থিতি এড়াতে পারলে কর্মীদের কাছে এই বার্তা পৌঁছায় যে, আপনি তাদের কাজের মূল্যায়ন করেন এবং কঠিন পরিস্থিতি সত্ত্বেও তাদেরকে বহাল রাখতে চান।

## শেয়ার করা কাজের প্ল্যানের জন্য কী কী প্রয়োজন?

- প্রতি সপ্তাহে 40 ঘণ্টার কম কাজ করেন, এমন কর্মীরাই সাধারণত এই সুবিধা পেতে পারেন
- এটির ফলে অবশ্যই কাজের সময় হ্রাস পাবে এবং সেই সাথে সংশ্লিষ্ট মজুরিও 20% থেকে 60% হ্রাস পাবে
- ফ্রিঞ্জের সুবিধাগুলি অবশ্যই সম্পূর্ণরূপে বজায় থাকবে, যদি না সেগুলি সম্পূর্ণ কর্মীদলের জন্যই হ্রাস বা বাতিল করা হয়ে থাকে
- প্ল্যানগুলি 53-সপ্তাহের সময়ের জন্য অনুমোদিত হয়
- এই প্ল্যান খুবই নমনীয়। এটি প্রভাবিত ইউনিটের সকল কর্মচারীকে কভার করতে পারে এবং একই শতাংশে তাদের কাজের ঘণ্টা কমিয়ে দিতে পারে। আপনি বিভিন্ন ইউনিটে ভিন্ন শতাংশের হ্রাস প্রয়োগ করতে পারেন
- প্ল্যান কার্যকর থাকাকালীন, আপনি প্ল্যানের আওতাভুক্ত কাজের গ্রুপে অতিরিক্ত কর্মী নিয়োগ করতে পারবেন না। যদি সম্মিলিত দর কষাকষির চুক্তি কার্যকর থাকে, তবে সম্মিলিত দর কষাকষি ইউনিটকে শেয়ার করা কাজের প্রোগ্রামে অংশগ্রহণ করতে সম্মত হতে হবে।

## কর্মীর সুবিধা এবং যোগ্যতা

যদি কর্মীরা নিউ ইয়র্ক স্টেটে নিয়মিত বেকারত্ব বীমা সুবিধা পাওয়ার যোগ্য হন, তাহলে তারা শেয়ার করা কাজের প্ল্যানে অংশগ্রহণ করতে পারেন। কোনো কর্মীর সাপ্তাহিক সুবিধার হারকে তাদের কাজের ঘণ্টা দ্বারা গুণ করে প্রাপ্ত ফলাফলই হল শেয়ার করা কাজের থেকে প্রাপ্ত সাপ্তাহিক পরিমাণ এবং শেয়ার করা কাজের প্ল্যানে মজুরিও হ্রাস পায়। শেয়ার করা কাজে অংশগ্রহণকারী কর্মীরা:

- একটি সুবিধা প্রাপ্ত বছরে তাদের সাপ্তাহিক সুবিধার হারের সর্বাধিক 26 গুণ পরিমাণ পেতে পারেন
- একটি সুবিধার বছরে শুধুমাত্র নিয়মিত বেকারত্ব বীমা প্রোগ্রাম (সাধারণ সুবিধা হারের 26 গুণ) থেকে যে পরিমাণ পেতে পারেন, শেয়ার করা কাজের সুবিধা এবং তার সাথে নিয়মিত বেকারত্ব বীমার সুবিধার সম্মিলিত পরিমাণে তার থেকে বেশি হয়ত পাবেন না।
- শেয়ার করা কাজের নিয়োগকর্তার কাছে কাজ করার জন্য সম্পূর্ণরূপে উপলভ্য থাকবেন, তাদের অন্য কাজ খোঁজার প্রয়োজন নেই

- যদি কোনো সপ্তাহে সাপ্লিমেন্টাল আনএমপ্লয়মেন্ট কম্পেনসেশন (SUB পে) সুবিধা পান, তারা সেই সপ্তাহে শেয়ার করা কাজের সুবিধা পাওয়ার যোগ্য হবেন না
- যদি অন্য কোনো নিয়োগকর্তার জন্য কাজ করেন বা স্ব-কর্মসংস্থানে কাজ করেন, তাহলে তাদের শেয়ার করা কাজের সুবিধার পরিমাণ হ্রাস পাবে

## আমি কীভাবে আবেদন করবো?

আপনার অবশ্যই নিউ ইয়র্ক স্টেটে কর্মরত অন্তত দুইজন ফুল-টাইম কর্মীকে নিযুক্ত করতে হবে এবং পরপর চারটি ক্যালেন্ডার ত্রৈমাসিকে তাদের বহাল রাখতে হবে; আপনাকে বা আপনার পূর্বসূরিকে অবশ্যই:

- বেকারত্ব বীমা ট্রাস্ট ফান্ডে অর্থ প্রদান করে থাকতে হবে

**অথবা**

- অর্থ প্রদানের পরিবর্তে, আপনার পূর্ববর্তী কর্মীদের প্রদত্ত সুবিধা পরিশোধ করতে হবে

আবেদন ফাইল করার জন্য, আমাদের UI অনলাইন পরিষেবা পেজ ভিজিট করুন:**on.ny.gov/UIservices**। আপনার NY.gov ID দিয়ে সাইন ইন করুন বা NY.gov-এর একটি ID তৈরি করার নির্দেশনাবলী অনুসরণ করুন। সাইন ইন করার পরে, "আমার কোম্পানির জন্য কাজ সম্পাদন করুন" পেজে "আমার UI তথ্য দেখুন" নির্বাচন করুন। নিচে বাম দিকে "শেয়ার করা কাজ" বোতামে ক্লিক করুন।

## শেয়ার করা কাজের প্রোগ্রামের বিভিন্ন সুবিধা

### আমার শেয়ার করা কাজের প্ল্যান কখন শুরু হবে?

প্ল্যান আপনার আবেদনপত্রে উল্লিখিত তারিখ বা আমরা যবে প্ল্যান অনুমোদন করব তার পরে প্রথম সোমবার—এদের মধ্যে যে তারিখটি পরে আসবে সেই তারিখ থেকে শুরু হয়। আপনার প্রস্তাবিত প্ল্যান শুরুর তারিখের এক মাসেরও আগে আপনাকে আবেদন জমা দিতে হবে। পূর্বের কোনো তারিখের জন্য শেয়ার করা কাজের প্ল্যানের আবেদন করা যাবে না।

### নমনীয়তা

আপনার ইউনিটগুলির যে শতাংশ হ্রাস করা হয়েছে, তার পরিমাণ আপনি পরিবর্তন করতে পারেন। আপনি এক সপ্তাহ বা তার বেশি সময় নিজের ইউনিটগুলিকে কাজে সম্পূর্ণ ব্যবহার করতে পারেন এবং তারপরে প্ল্যানটি পুনরায় ব্যবহার করতে পারেন। আপনি প্রভাবিত কাজের ইউনিট থেকে কর্মীদের সরিয়ে দিতে পারেন বা সেই জায়গায় বিকল্প শ্রমিক নিয়োগ করতে পারেন। তবে, আপনি যদি আপনার প্ল্যানে অতিরিক্ত কর্মী ইউনিট যোগ করতে চান, তাহলে আপনাকে অবশ্যই পরিবর্তিত আবেদন অনুমোদনের জন্য জমা দিতে হবে।

### ব্যবসায়িক অবস্থার পরিবর্তন কি আমার প্ল্যানকে প্রভাবিত করতে পারে?

শেয়ার করা কাজের প্ল্যান, ব্যবসাগুলিকে প্রতি সপ্তাহে নিজেদের অর্থনৈতিক অবস্থার সাথে সামঞ্জস্য করার স্বাধীনতা দেয়। আপনি অপারেশনাল প্রয়োজনের ভিত্তিতে একটি ইউনিটের কাজের শতকরা হার বাড়াতে বা কমাতে পারেন।

### ব্যবসাগুলি অপারেশনাল প্রয়োজনের উপর ভিত্তি করে শেয়ার করা কাজের প্ল্যান তৈরি করতে পারে

আপনি এক বা একাধিক বিভাগ, শিফট বা ইউনিটে শেয়ার করা কাজের প্ল্যান ব্যবহার করতে পারেন। প্ল্যানটি আপনাকে সংশ্লিষ্ট ক্ষেত্র বেছে নেওয়ার সুযোগ দেয়। আপনাকে অবশ্যই অংশগ্রহণকারী ইউনিট বা বিভাগের সকল কর্মীর জন্য সমানভাবে হ্রাসকৃত কাজের ঘণ্টা এবং মজুরি প্রয়োগ করতে হবে। তবে আপনি যদি প্ল্যানে বিভিন্ন বিভাগ বা ইউনিটের কর্মীদের জন্য ভিন্ন কর্ম ঘণ্টা ও মজুরির ব্যবস্থা উল্লেখ করে থাকেন, তাহলে আপনি বিভিন্ন শতাংশে এগুলি হ্রাস করতে পারেন।

### কোন কর্মীদের শেয়ার করা কাজের প্রোগ্রামে অন্তর্ভুক্ত করবেন, সেটা আপনাকে উল্লেখ করে দিতে হবে

সকল অংশগ্রহণকারী কর্মীদের নাম, সামাজিক নিরাপত্তা নম্বর, তাদের সাপ্তাহিক কাজের সময় এবং তারা মরশুমি, অস্থায়ী বা পর্যায়ক্রমিক কর্মী কি না, তা অবশ্যই আপনার প্ল্যানে অন্তর্ভুক্ত করতে হবে।

### সবকিছু ইলেকট্রনিকভাবে সম্পন্ন হয়

আপনাকে এবং আপনার অংশগ্রহণকারী কর্মীদেরকে প্রত্যেক হ্রাসকৃত সপ্তাহের জন্য অনলাইনে প্রত্যয়নপত্র দিতে হবে। এটি নিশ্চিত করে প্রত্যেক কর্মী শেয়ার করা কাজের সুবিধার পরিমাণ সঠিক সময়ে সঠিকভাবে পেয়েছে।

### আমার বেকারত্ব বীমা হারের উপর শেয়ার করা কাজের সুবিধার কী প্রভাব রয়েছে?

শেয়ার করা কাজের সুবিধাগুলি আপনার অভিজ্ঞতা রেটিং অ্যাকাউন্টের নিরিখে চার্জ করা হয়। এর মানে, শেয়ার করা কাজের প্ল্যানের প্রদত্ত সুবিধাগুলি আপনার বেকারত্ব বীমা অ্যাকাউন্টে চার্জ করা হবে। এটি আপনার নির্দিষ্ট পরিস্থিতির উপর নির্ভর করে আপনার বেকারত্ব বীমা অবদানের হারের উপর প্রভাব ফেলতে পারে। আপনার বেকারত্ব বীমা হারের উপর শেয়ার করা কাজের সুবিধার প্রভাব সংক্রান্ত কোনো প্রশ্ন থাকলে, আমাদের লায়াবিলিটি অ্যান্ড ডিটারমিনেশন সেকশনে (দায়বদ্ধতা এবং নির্ধারণ বিভাগ) **518-457-2635** নম্বরে কল করুন।

### শেয়ার করা কাজ বা আবেদন প্রক্রিয়া সম্পর্কে আমার কোনো প্রশ্ন থাকলে, কার সাথে যোগাযোগ করবো?

আমাদের শেয়ার করা কাজের ইউনিট থেকে আপনি শেয়ার করা কাজ সম্পর্কিত সব প্রশ্নের উত্তর পেয়ে যাবেন এবং এই ইউনিট আপনাকে প্ল্যানের আবেদন ফর্ম পূরণেও সাহায্য করতে পারে। আমাদের দলের কোনো সদস্যের সাথে কথা বলতে **518-457-2635** নম্বরে কল করুন এবং অপশন 3 নির্বাচন করুন।

### প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

শেয়ার করা কাজের প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলীর (FAQ) সম্পূর্ণ তালিকা দেখতে: **on.ny.gov/swfaq**

-এ ভিজিট করুন। শেয়ার করা কাজের প্রোগ্রামটি নমনীয়। আপনি অনেক রকমের কাজের পরিস্থিতি কভার করতে এটি কাস্টমাইজ করতে পারেন। এটি যেমন অর্থ সাশ্রয় করে তেমনই কর্মসংস্থানও বজায় রাখে। কর্মী ছাঁটাইয়ের সিদ্ধান্ত নেওয়ার আগে শেয়ার করা কাজের প্রোগ্রামের কথা মনে রাখুন!


নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অভ লেবার (নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগ) হলো একটি সমান সুযোগের নিয়োগকারী/প্রোগ্রাম।
প্রতিবন্ধী ব্যক্তিদেরকে অনুরোধের ভিত্তিতে এবং বিনামূল্যে সহায়তা ও বিভিন্ন পরিষেবা দেওয়া হয়, TTY/TDD নম্বর 711 বা 1-800-662-1220 (ইংরেজি) / 1-877-662-4886।